

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২. পেশাবের জন্য কোন ব্যক্তির জায়গা অনুসন্ধান করা

باب الرَّجُلِ يَتَبَوَّأُ لِبَوْلِهِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادُ، أَخْبَرَنَا أَبُو التَّيَّاحِ، حَدَّثَنِي شَيْخُ، قَالَ: لَمَّا قَدِمَ عَبْدُ اللهِ بْنُ عَبَّاسٍ الْبَصْرَةَ فَكَانَ يُحَدَّثُ عَنْ أَبِي مُوسَى، فَكَتَبَ عَبْدُ اللهِ إِلَى أَبِي مُوسَى يَسْأَلُهُ عَنْ أَشْيَاءَ، فَكَتَبَ إِلَيْهِ أَبُو مُوسَى : إِنِّي كُنْتُ مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم ذَاتَ يَوْمٍ فَأَرَادَ أَنْ يَّبُوْلَ فَأَتَى دَمِثًا فِي أَصْلِ جِدَارٍ، فَبَالَ، ثُمَّ قَالَ : " إِذَا أَرَادَ أَنْ يَبُولَ فَأَتَى دَمِثًا فِي أَصْلِ جِدَارٍ، فَبَالَ، ثُمَّ قَالَ : " إِذَا أَرَادَ أَرْدَدُكُمْ أَنْ يَبُولَ، فَلْيَرْتَدْ لِبَوْلِهِ مَوْضِعًا".

ضعيف: ضعيف الجامع الصغير ٣١٩، المشكاة ٥٤٥

বাংলা

৩। আবুত্ তাইয়াহ্ বর্ণনা করেন, জনৈক শায়খ আমাকে বলেছেন, 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) যখন বসরাতে আগমন করলেন, তখন তার নিকট আবু মূসা (রাঃ)-এর সূত্রে হাদীস বর্ণনা করা হয়। 'আবদুল্লাহ (রাঃ) কিছু বিষয় জানতে চেয়ে আবু মূসার (রাঃ) নিকট চিঠি লিখলেন। উত্তরে আবু মূসা (রাঃ) তাকে লিখলেন, একদিন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলাম। তিনি পেশাব করার ইচ্ছা করলেন। অতঃপর তিনি একটি দেয়ালের গোড়ার নরম মাটিতে গিয়ে পেশাব করলেন। এরপর তিনি বললেন, 'তোমাদের কেউ পেশাব করতে চাইলে যেন নীচু নরম জায়গা অনুসন্ধান করে নেয়।'[1]

দুর্বল: যঈফ আল-জামি'উস সাগীর ৩১৯, মিশকাত ৩৪৫।

English

Abu al-Tayyah reported on the authority of a shaykh (an old man): When Abdullah ibn Abbas came to Basrah, people narrated to him traditions from AbuMusa. Therefore Ibn Abbas wrote to him asking him about certain things. In reply AbuMusa wrote to him saying: One day I was in the company



of the Messenger of Allah (ﷺ). He wanted to urinate. Then he came to a soft ground at the foot of a wall and urinated. He (the Prophet) then said: If any of you wants to urinate, he should look for a place (like this) for his urination.

ফুটনোট

[1] আহমাদ 'মুসনাদ' (৪/৩৯৬), বায়হাকী 'সুনানুল কুবরা (অধ্যায়ঃ পবিত্রতা অনুঃ পেশাবের জন্য জায়গা খোঁজ করা, ১/৯৩, ৯৪) আবৃত তাইয়্যাহ সূত্রে জনৈক ব্যক্তি থেকে। এ সানাদটি আবৃত তাইয়্যাহর শায়খের জাহালাতের কারণে দুর্বল। মিশকাতের তাহকীকে রয়েছেঃ এর সানাদ দুর্বল। সনদে নাম উল্লেখহীন জনৈক শায়খ আছেন। একদল মুহাদ্দিস এটিকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ তাইয়্যাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন